



নিরাপত্তা জামানত ফেরত সংক্রান্ত নিয়মাবলী

- ১। কোন প্রতিষ্ঠান অত্র মহাপরিদপ্তরে তালিকাভুক্তি বাতিল পূর্বক (স্বেচ্ছায়, নিরাপত্তা ছাড়পত্র বাতিল, তালিকাভুক্তি বাতিল) নিরাপত্তা জামানতে অর্থ ফেরত পেতে আগ্রহী হলে উক্ত প্রতিষ্ঠান যে ব্যক্তির নামে তালিকাভুক্ত হয়েছে ঐ ব্যক্তির স্বাক্ষরে প্রতিষ্ঠানের প্যাডে মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের বরাবরে আবেদন করতে হবে।
- ২। আবেদন পত্রটি প্রাপ্তির পর অত্র মহাপরিদপ্তরের সকল ক্রয় শাখার অনাপত্তি ছাড়পত্র (NOC) গ্রহণ সাপেক্ষে নিরাপত্তা জামানতের অর্থ (১,০০,০০০.০০ টাকা) ক্রসড চেক উক্ত প্রতিষ্ঠানের নামে শুধুমাত্র আবেদনকারীকেই হস্তান্তর করা হবে। তবে সরকারী পাওনা থাকলে নিরাপত্তা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৩। কোন অবস্থাতেই মনোনীত প্রতিনিধিকে ক্রসড চেক হস্তান্তর করা হবে না। তবে আবেদনকারীর মৃত্যু হলে তার বৈধ উত্তরাধিকারীকে ক্রসড চেক হস্তান্তর করা যেতে পারে।

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর